



FENI UNIVERSITY

Trunk Road, Feni-3900, Bangladesh
Telephone : 0331-62194, 69131-33
www.feniuniversity.edu.bd

স্মারক নং: এফইউ/জিএ/২০১৩/০১/অংশ-৫/৫১৯৮

তারিখঃ ২২ জুলাই ২০২৩


নোটিশ

সূত্র: ৩৭.০১.০০০০.১৩১.৪১.০০১.২১.৪৪৮ ০২ মে ২০২৩

এতদ্বারা ইউনিভার্সিটির সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে অবহিত করা যাচ্ছে যে, আগামী ৭ আগস্ট ২০২৩ খ্রি: রোজ সোমবার বেসরকারি বিশ্ববিদ্যালয় পরিচালনার সাময়িক অনুমতির মেয়াদ বৃদ্ধির বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা হতে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি টিম ফেনী ইউনিভার্সিটি সরেজমিনে পরিদর্শন করবেন। এ প্রেক্ষিতে, নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

১. আগামী ৬ ও ৭ আগস্ট ২০২৩ খ্রি: রোজ রবিবার ও সোমবার সাপ্তাহিক ছুটির দিন ইউনিভার্সিটি খোলা থাকবে এবং ইউনিভার্সিটির প্রশাসনিক কার্যক্রম ও পাঠদানসহ একাডেমিক কার্যক্রম চালু থাকবে। তাই, ছাত্র-ছাত্রীদেরকে আগামী ৬ ও ৭ আগস্ট ২০২৩ খ্রি: রোজ রবিবার ও সোমবার যথারীতি ক্লাশে উপস্থিতি নিশ্চিত করতে হবে। ৮ ও ৯ আগস্ট ২০২৩ খ্রি: রোজ মঙ্গলবার ও বুধবারের ক্লাশ রবিবার ও সোমবার রুটিন সমন্বয়ের মাধ্যমে পাঠদান অব্যাহত রাখতে হবে।
২. ৬ ও ৭ আগস্ট (রবিবার ও সোমবার) ইউনিভার্সিটির সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের সবধরনের ছুটি বন্ধ থাকবে। কোনো অবস্থাতে উক্ত তারিখে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের কর্মস্থলের বাহিরে অবস্থান করা যাবে না।
৩. যার যার অবস্থান হতে পরিদর্শন টিমকে সর্বাত্মক সহযোগিতা করতে হবে।
৪. ৬ ও ৭ আগস্ট ২০২৩ খ্রি: সাপ্তাহিক ছুটির পরিবর্তে আগামী ৮ ও ৯ আগস্ট ২০২৩ খ্রি: রোজ মঙ্গলবার ও বুধবার ইউনিভার্সিটি বন্ধ থাকবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে--



(এ.এস. এম আবুল খায়ের)

রেজিস্ট্রার

ফেনী ইউনিভার্সিটি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হল :

১. সম্মানিত সভাপতি, বিওটি এর দপ্তর
২. সম্মানিত উপাচার্য মহোদয়ের দপ্তর
৩. সম্মানিত ট্রেজারার মহোদয়ের দপ্তর
৪. পরিক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের দপ্তর
৫. ডিন (ইন-চার্জ), ব্যবসা অনুষদ
৬. প্রক্টর
৭. ছাত্র-উপদেষ্টা
৮. সকল চেয়ারম্যান/চেয়ারম্যান (ইনচার্জ) -সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক ও স্ব-স্ব বিভাগের কর্মচারীগণকে অবহিত করণ ও এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯. জ্যেষ্ঠ সহকারি রেজিস্ট্রার (একাডেমিক)
১০. নোটিশ বোর্ড
১১. অফিস নথি